# ABSTRACT

গবেষক: সৌম্যদীপ বসু

বিষয়: **গণপতি তত্ত্ব এবং বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে গণপতি প্রসঙ্গ** (The Concept of Ganapati and it's reception in Bengali Literature & Culture)

পিএইচ.ডি গবেষক, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

তত্ত্বাবধায়ক: প্রফেসর অনন্যা বড়ুয়া

## পি এইচ.ডি (বাংলা) উপাধির জন্য প্রদত্ত গবেষণা-প্রস্তাব

## গণপতি-তত্ত্ব এবং বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে গণপতি প্রসঙ্গ

### মুখবন্ধ (Introduction) :

প্রাচীন ভারত তথা বাংলায় স্মার্ত হিন্দু ধর্মাবলম্বীদের মধ্যে 'পঞ্চদেবতা'র ( সূর্য, বিষ্ণু, শিব, শক্তি, গণেশ ) উপাসনা পদ্ধতি প্রচলিত। এই পঞ্চদেবতার নামানুসারে এঁদের পূজক সম্প্রদায় যথাক্রমে 'সৌর', 'বৈষ্ণব', 'শৈব', 'শাক্ত' এবং 'গাণপত্য' নামে চিহ্নিত। লক্ষণীয়, 'পঞ্চোপাসনা'র বৃত্তে 'সৌর', 'বৈষ্ণব', 'শৈব' ও 'শাক্ত' সম্প্রদায় এবং সংশ্লিষ্ট দেবতামন্ডলীর উপাসনা পদ্ধতি নিয়ে একাডেমিক স্তরে নানামুখী চর্চা হলেও একমাত্র 'গণেশ কাল্ট' এক্ষেত্রে একটি ম্লান আলোকিত ক্ষেত্র। হস্তীমুখ 'গজানন' দেবায়তনে ব্যতিক্রম। কী আকারে, কী প্রকারে সবক্ষেত্রেই 'গণেশ'-এর সঙ্গে পৌরাণিক দেবতাদের পৃথকত্ব সুবিদিত। এঁর মূর্তিকল্পনায় নিশ্চিতভাবেই মিশেছে দ্রাবিড়ীয় ধর্ম-সংস্কৃতির প্রচ্ছন্ন প্রভাব। ভারত উপমহাদেশে আর্য অভ্যুত্থানের অনেক আগে থেকেই প্রাণী পূজকদের দেবতা হিসেবে 'গণেশ কাল্ট'-এর একটি বিশিষ্ট ধারা প্রবাহিত হচ্ছিল। গণেশের 'হস্তীমুণ্ড' সম্ভবত দক্ষিণভারতীয় কোনও উপজাতি সম্প্রদায়ের টোটেমিক ভাবনা-সম্ভূত। তামিলনাড়ু বা কেরলের আদিবাসী সংস্কৃতিতে 'হাতি' বা 'ইঁদুর' টোটেমের সূত্রে প্রাণী পূজনের নজির পাওয়া যায়। স্বভাবতই 'গণেশ কাল্ট'-এর উৎসে আদিম উপজাতি সমাজের ধর্মভাবনার কোনও পূর্বসূত্র থাকাটা অস্বাভাবিক নয়। পরবর্তীতে আর্যীকরণের পর বেদ-উপনিষদ-পুরাণ হয়ে সেই পূর্বকালীন লোক-ঐতিহ্য একটি পরিকল্পিত রাজনৈতিক সমীকরণের ('প্রাগার্য' দেবতার 'আর্য' ঐতিহ্যে অন্তর্ভুক্তিকরণের রাজনীতি) আওতায় পড়ে যায়। আর এখান থেকেই শুরু হয় 'প্রানী দেবতার'(Animal God) 'আর্যীকরণ' এবং সম্মিলিত দেবতাকুলের সঙ্গে তাঁর অংশীদারত্বের 'লড়াই'। আত্মপ্রতিষ্ঠার এই লড়াই 'হাতি দেওতা'র বিবর্তনের পথ অবারিত করেছে। বেদের 'গণপতি' ধারণার সঙ্গে 'হাতি দেওতা' গণেশের যতই দূরসম্বন্ধ থাক না কেন, সময়ের চলমানতায় 'little tradition' 'great tradition'-এর দিকে আক্ষিপ্ত হয়েছে। এরই অনিবার্য ফলস্বরূপ 'হস্তীমুখ', 'দন্তী' বিশিষ্ট দেবতার সঙ্গে একটা সময়ের পরে বৈদিক 'গণপতি'র একধরণের 'একাত্মকরণ' ঘটেছে। মহাপুরাণ এবং উপপুরাণগুলিতে 'গণেশ'-এর জন্ম এবং 'হস্তীমুণ্ড' ধারণের নানা আখ্যান পাওয়া গেছে, যা কার্যত মৌখিক

পরম্পরাবাহিত ‘কথা’র (tale) সংকলিত রূপ বলেই মনে হয়। ‘গণপতি’ বা ‘গণেশ’-এর বর্তমান যে পরিচিত রূপ, তার ঐতিহাসিক সূচনাবিন্দু ধরা যেতে পারে মোটামটিভাবে খ্রিস্টীয় চতুর্থ বা পঞ্চম শতক থেকে। তখন থেকে শুরু করে খ্রি. দ্বাদশ-ত্রয়োদশ শতকের মধ্যেই ‘গণপতি’/‘গণেশ’ ধীর অথচ দৃঢ় পদক্ষেপে পূর্বভারতে  বিশেষত প্রাচীন বাংলার ধর্ম-সংস্কৃতিতে প্রসিদ্ধ হয়েছেন। বাংলার ধর্ম-সংস্কৃতিতে ‘গণেশ  কাল্‌ট’-এর যে আত্তীকরণ দেখি, তা মূলত সর্বভারতীয়  প্রেক্ষিতে ‘গণেশ’ ঐতিহ্যের প্রচলিত ধারাকেই আত্মসাৎ করেছে। তবে এখানে একটা কথা বলবার, মধ্যযুগের নানাবিধ performing art বা উপস্থাপনযোগ্য শিল্পমাধ্যমে ‘গণেশ’ ধর্ম-সংস্কৃতি যেভাবে প্রতিফলিত, পরবর্তীকালীন বাংলা সাহিত্যে ঠিক  সেইরূপেই তার সম্প্রসারণ ঘটেনি। অনেকক্ষেত্রেই ‘গণেশ’ তাঁর অর্জিত দেবত্ব খুইয়ে ব্যঙ্গকৌতুকপ্রিয় বাঙালিজীবনের অকৃত্রিম দোসর হয়ে উঠেছেন। সাহিত্যখন্ড ছাড়া সংস্কৃতিচর্চার অন্যান্য প্রকরণেও( নৃত্য, গীত, চিত্রকলা, চলচ্চিত্র প্রভৃতি )‘গণেশ কাল্‌ট’ বেশ সমাদৃত। এছাড়া আছে মূর্তিতে, ভাস্কর্যে, গাছতলায় অথবা মন্দিরের ভগ্নাবশেষে ‘গণেশ’ পূজন ঐতিহ্যের নানা অনুষঙ্গ, যেগুলির গভীরে ধ্রুপদী এবং লৌকিক সংস্কৃতির যুগপৎ মাত্রাকেই খেয়াল করা যায়।

## গবেষণা কর্মের উদ্দেশ্য (Statement of Purpose Regarding Research Interest / Objective) :

বর্তমান প্রস্তাবে আমরা সর্বভারতীয় প্রেক্ষাপটে ‘গণপতি’ উপাসনা বা ‘গাণপত্য’ সম্প্রদায়ের অবস্থান নির্ণয় করে, সেই ধারায় ‘গণেশ কাল্‌ট’ কীভাবে বাংলার লোক-ঐতিহ্যে এবং সংস্কৃতির অন্যান্য প্রকরণে অস্তিত্ববান হয়ে আছে, সেই বিষয়ে আলোকপাত করার চেষ্টা করব। এক্ষেত্রে আমরা বিচিত্রগামী ‘গণেশ কাল্‌ট’-এর উৎস - ক্রমবিকাশ - বিবর্তন - মধ্যযুগীয় পুথিসাহিত্যে, লোক-ঐতিহ্যে ও সংস্কৃতি-পরম্পরায় তার পরিগ্রহণ (reception) - সম্প্রসারণ এবং পরিবর্তনশীল ভূমিকার একটি সামগ্রিক অনুসন্ধান করতে চেয়েছি। পাশাপাশি সাহিত্য ব্যতিরেকে সংস্কৃতিচর্চার নানাবিধ প্রকরণে, সে ধ্রুপদী সংস্কৃতি হোক বা লৌকিক সংস্কৃতি, ‘গণেশ কাল্‌ট’ কীভাবে গুরুত্বলাভ করেছে, তারও একটি রূপরেখা তৈরির চেষ্টা করা হয়েছে।

## সম্ভাব্য অধ্যায় বিভাজন :

প্রথম পর্যায় : গজানন গণেশের দেবত্বের উদ্ভব ও ক্রমবিকাশ

প্রথম অধ্যায় গণপতি গণেশের বিবর্তন এবং দেবত্বের উদ্ভব

১.১ গণপতি অনেকান্ত

১.২ বিনায়ক কথা : বহু থেকে এক

১.৩ মহাকাব্যে গণেশ প্রসঙ্গ

১.৪ প্রাগার্য হস্তীদেবতার ঐতিহ্য ও গণপতি

১.৫ গণপতি, বিনায়ক ও হস্তীদেবতা থেকে গণেশ : একটি ক্রম-বিবর্তিত সমীকরণ

দ্বিতীয় অধ্যায় সর্বভারতীয় প্রেক্ষাপটে গণপতি গণেশের ক্রমবিকাশ

২.১ পুরাণকথায় গণপতি প্রসঙ্গ

২.২ স্থাপত্য-ভাস্কর্য ও মূর্তিকলায় গণপতি

২.৩ গণেশকেন্দ্রিক শাস্ত্রগ্রন্থ

২.৪ গণপতির রূপভেদ এবং গাণপত্য সম্প্রদায়

২.৫ জৈনধর্ম ও বৌদ্ধধর্মে গণপতি

২.৬ সাধনমার্গীয় ব্যাখ্যায় গণপতি

দ্বিতীয় পর্যায় : বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে গণপতি প্রসঙ্গ

তৃতীয় অধ্যায় গণপতি উপাসনা এবং প্রাচীন ও মধ্যযুগের বঙ্গদেশ

৩.১ বঙ্গীয় লেখমালায় গণেশ

৩.২ পুরাণকথায় গণেশ প্রসঙ্গ

৩.৩ মূর্তিশিল্প এবং স্থাপত্য-ভাস্কর্যে গণেশ

৩.৪ বঙ্গদেশে সংস্কৃত সাহিত্যে গণপতি

৩.৫ স্মার্ত হিন্দুর পঞ্চোপাসনা এবং গণপতি

৩.৬ তন্ত্রমার্গে গণপতি প্রসঙ্গ

৩.৭ অনুবাদ সাহিত্যে গণপতি

৩.৮ মঙ্গলগীতে গণেশ প্রসঙ্গ

৩.৯ শাক্ত পদাবলীতে গণেশ প্রসঙ্গ

৩.১০ গণেশকেন্দ্রিক ব্রতাচার ও পূজাপার্বণ

চতুর্থ অধ্যায় বিবর্তনের ধারায় গণপতি এবং আধুনিক বাংলা সাহিত্যে পরিগ্রহণ

৪.১ কাব্য-কবিতায় গণেশ প্রসঙ্গ

৪.২ গল্প-উপন্যাস ও গদ্যধর্মী রচনায় গণপতি

৪.৩ বাংলা সমালোচনা সাহিত্যে গণপতি বিষয়ক চিন্তা-চর্চার হালহকিকত

পঞ্চম অধ্যায় বঙ্গসংস্কৃতির নানা পরিসর এবং গণপতি

উপসংহার

গ্রন্থপঞ্জি

## সম্ভাব্য নির্বাচিত গ্রন্থপঞ্জি

### আকর গ্রন্থ

#### সংস্কৃত

১। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *শিবপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯২ বঙ্গাব্দ।

২। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *স্কন্দপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৭ বঙ্গাব্দ।

৩। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *বৃহদ্ধর্ম্মপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৬ বঙ্গাব্দ।

৪। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *ব্রহ্মবৈবর্তপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৪ বঙ্গাব্দ।

৫। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *পদ্মপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৪১২ বঙ্গাব্দ।

৬। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *লিঙ্গপুরাণম্,* কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৬ বঙ্গাব্দ।

৭। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *বরাহপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৪০১ বঙ্গাব্দ।

৮। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *দেবীপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৪০০ বঙ্গাব্দ।

৯। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *মৎস্যপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৫ বঙ্গাব্দ।

১০। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *বামনপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৬ বঙ্গাব্দ।

১১। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *ব্রহ্মপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৪০৯ বঙ্গাব্দ।

১২। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *ব্রহ্মাণ্ডপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৯৮ বঙ্গাব্দ।

১৩। পঞ্চানন তর্করত্ন (সম্পাদিত), *অগ্নিপুরাণম্* , কলকাতা : নবভারত পাবলিশার্স, ১৩৮৯ বঙ্গাব্দ।

১৪। রমেশচন্দ্র দত্ত (অনূদিত), *ঋগ্বেদ সংহিতা* (১ম, ২য় খন্ড), কলকাতা : হরফ প্রকাশনী, ১৯৭৬।

১৫। আচার্য ড. মহেশ্চন্দ্র যোশী (সম্পাদক এবং ব্যাখ্যাকার), *গণেশপুরাণম্* (হিন্দি টীকা-টিপ্পনী তথা বিস্তৃত ভূমিকা এবং শ্লোকানুক্রমণিকা সহ), বারাণসী : চৌখাম্বা সংস্কৃত সিরিজ অফিস, ২০১৪।

## বাংলা


১। অচিন্ত্য বিশ্বাস (সম্পাদিত), বিজয়গুপ্তের *মনসামঙ্গল,* কলকাতা : অঞ্জলি পাবলিশার্স, ২০০৯।

২। অচিন্ত্য বিশ্বাস (সম্পাদিত), বিপ্রদাস পিপিলাইয়ের *মনসামঙ্গল,* কলকাতা : রত্নাবলী, প্রথম প্রকাশ, ২০০২।

৩। অমরেন্দ্রনাথ রায় (সম্পাদিত), *শাক্ত পদাবলী [চয়ন],* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, সপ্তম সংস্করণ, ১৯৬১।

৪। অক্ষয়কুমার কয়াল ও চিত্রা দেব (সম্পাদিত), কেতকাদাস ক্ষেমানন্দ রচিত *মনসামঙ্গল,* কলকাতা : লেখাপড়া, প্রথম সংস্করণ, ১৩৮৪।

৫। অক্ষয়কুমার কয়াল (সম্পাদিত), রূপরাম চক্রবর্তী বিরচিত *ধর্মমঙ্গল,* কলকাতা : ভারবি, পুনর্মুদ্রণ ২০১১।

৬। তমোনাশ চন্দ্র দাশগুপ্ত (সম্পাদিত), নারায়ণ দেবের *পদ্মাপুরাণ,* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় সংস্করণ, ১৯৪৭।

৭। পীযূষকান্তি মহাপাত্র (সম্পাদিত), ঘনরাম চক্রবর্তী-বিরচিত *শ্রীধর্ম্মমঙ্গল,* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০১২।

৮। বিজিতকুমার দত্ত ও সুনন্দা দত্ত (সম্পাদিত), মানিকরাম গাঙ্গুলি বিরচিত *ধর্মমঙ্গল,* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০০৯।

৯। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস (সম্পাদিত),*ভারতচন্দ্র-গ্রন্থাবলী,* কলকাতা : বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, পঞ্চম সংস্করণ, ১৪২১।

১০। যোগীনাথ হালদার (সম্পাদিত), রামেশ্বর ভট্টাচার্য-বিরচিত *শিব সঙ্কীর্তন বা শিবায়ন,* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫৭।

১১। রাধাগোবিন্দ বসাক (সম্পাদিত), সাতবাহন নরপতি হালের *গাথা-সপ্তশতী,* কলকাতা : জেনারেল প্রিন্টার্স য়্যান্ড পাব্লিশার্স লিমিটেড, ফাল্গুন ১৩৬২ সন।

১২। সত্যনারায়ণ ভট্টাচার্য (সম্পাদিত), *কবি কৃষ্ণরাম দাসের গ্রন্থাবলী,* কলকাতা : কলিকাতা বিশ্ববিদ্যালয়, ২০১১।

১৩। সুকুমার সেন (সম্পাদিত), কবিকঙ্কণ-বিরচিত *চণ্ডীমঙ্গল,* নতুন দিল্লি : সাহিত্য অকাদেমি, ১৯৯৩।

১৪। সুধীভূষণ ভট্টাচার্য্য (সম্পাদিত), দ্বিজ মাধব রচিত *মঙ্গলচণ্ডীর গীত,* কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৫২।

১৫। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় (সম্পাদিত), কৃত্তিবাস বিরচিত *রামায়ণ,* কলকাতা : সাহিত্য সংসদ, ১৩৬৪।

১৬। হরিমোহন মুখোপাধ্যায় (সম্পাদিত), *দাশরথি রায়ের পাঁচালী,* কলকাতা : বঙ্গবাসী ষ্টীম-মেসিন-প্রেস, ১৯০২।

## সম্ভাব্য সহায়ক গ্রন্থ

### বাংলা

১। অতুলচন্দ্র গুপ্ত, 'গণেশ', *রচনাসংগ্রহ,* কলকাতা : আনন্দ পাবলিশার্স, দ্বিতীয় মুদ্রণ, আগস্ট ২০১৩।

২। অশোককুমার চট্টোপাধ্যায়, *পুরাণ পরিচয়,* কলকাতা : মডার্ণ বুক এজেন্সি প্রা: লি:, ১৯৭৭।

৩। অক্ষয়কুমার দত্ত, *ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়* (দ্বিতীয় ভাগ), কলকাতা : নূতন সংস্কৃত যন্ত্রে মুদ্রিত, ১২৮৯ সন।

৪। আশুতোষ ভট্টাচার্য, *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস,* কলকাতা : এ. মুখার্জী অ্যান্ড কোং, ২০০৯।

৫। কল্যাণকুমার দাশগুপ্ত, *প্রতিমাশিল্পে হিন্দু দেবদেবী,* কলকাতা : প. বাংলা আকাদেমি, ২০০০।

৬। গিরীন্দ্রশেখর বসু, *পুরাণ প্রবেশ,* কলকাতা : বিবেকানন্দ বুক স্টোর, ২০০৭।

৭। জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, *পঞ্চোপাসনা,* কলকাতা : কে. এল. মুখোপাধ্যায় , ১৯৬০।

৮। দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, *লোকায়ত দর্শন,* কলকাতা : নিউ এজ পাবলিশার্স, ভাদ্র ১৩৬৩ বঙ্গাব্দ।

৯। বিজয়চন্দ্র মজুমদার, 'সিদ্ধিদাতা গণেশ', *রবীন্দ্রনাথ সম্পাদিত বঙ্গদর্শন,* অলোক রায় (সম্পাদিত), কলকাতা : পারুল, ২০১৭।

১০। বিধুভূষণ ভট্টাচার্য, *বৈদিক দেবতা,* কলকাতা : বিশ্বভারতী, ১৩৫৭ বঙ্গাব্দ।

১১। শম্ভুনাথ কুন্ডু , *প্রাচীন বঙ্গে পৌরাণিক ধর্ম ও দেবভাবনা,* বর্ধমান বিশ্ববিদ্যালয়, ১৯৯৬।

১২। হংসনারায়ণ ভট্টাচার্য, *হিন্দুদের দেবদেবী উদ্ভব ও ক্রমবিকাশ* (দ্বিতীয় পর্ব), কলকাতা : ফার্মা কে. এল. (প্রাইভেট) লিমিটেড, ১৯৬০।

### ইংরাজি

1. Apte, Vaman Shivram. *The practical Sanskrit Dictionary.* Delhi : Motilal Banarasidass Publishers, fourth revised and enlarged edition, 1965.

2. Bailey, Greg. *Ganesapurana : Introduction, translation, notes and index.* Delhi : Motilal Banarasidass, 2017.

3. Banerjee, J. N. . *The Development of Hindu Iconography*. Delhi : Munshiram Monoharlal Publishers, 1956.

3. Bhattacharya, Haridas(ed.). *The Cultural Heritage of India* (Vol. 4). Calcutta : The Ramkrishna Mission Institute of Culture, 1956.

4. Brown, Robert, *Ganesh : Studies of an Asian God*, Albany : State University of New York Press, 1991.

5. Chinmayananda, Swami. *Glory of Ganesa.* Bombay : Central Chinmaya Mission Trust, 1987.

6. Courtright, Paul B. . *Ganesa : Lord of Obstacles, Lord of Beginnings*, New York : Oxford University Press, 1985.

7. Getty, Alice. *Ganesa : A Monograph on the Elephant-Faced God.* Delhi : Munshiram Monoharlal, 1936.

8. Grierson, G. A. . 'Ganapatyas'. *Encyclopaedia of Religion and Ethics* (Vol. VI). James Hastings(ed.). Edinburgh : T. & T. Clark, second impression, 1919.

9. Grimes, John A. . *Ganapati : Song of the Self.* SUNY series in Religious Studies. Albany : State University of New York, 1995.

10. Hazra, R. C. . *Studies in the Puranic Records on Hindu Rites and Customs.* Dacca : The University of Dacca, April 1940.

11. Hazra, R. C. . *Studies in the Upapurans.* Vol. II (Sakta and Non-sectarian Upapurans). Calcutta : Sanskrit College, Calcutta Sanskrit College Research Series No. XXII, 1963.

12. Heras, H. . *The Problem of Ganapati*, Delhi : Indological Book House, 1972.

13. Jagannathan, Shakunthala. Krishna, Nanditha. *Ganesha : The auspicious...The beginning.* Mumbai : Vakils Feffer and Simons Limited, May 2009.

14. Jagannathan, T. K. . *Sri Ganesha : Elephant-headed God of Mangalam.* Delhi : Pustak Mahal, 2009.

15. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. II). New York : Charles Scribner's Sons, 1926.

16. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. III). Edinburgh : T. & T. Clark, 1928.

17. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. IV). Edinburgh : T. & T. Clark, 1911.

18. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. V). Edinburgh : T. & T. Clark, 1912.

15. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. VIII). Edinburgh : T. & T. Clark, 1915.

19. James Hastings(ed.). *Encyclopaedia of Religion and Ethics* (Vol. XII). Edinburgh : T. & T. Clark, 1921.

20. Kennedy, Vans. *Researches into the Nature and Affinity of Ancient and Hindu Mythology.* London : Printed for Longman, Rees, Orme, Brown and Green, 1831.

21. Krishan, Yuvraj. *Ganesa : Unravelling An Enigma.* Delhi : Motilal Banarasidass, 1999.

22. Krishna, Murthy, K. . *Mythical Animals in Indian Art.* New Delhi : Abhinav Publications, 1985.

23. Mani, Vettam. *Puranic Encyclopaedia.* Delhi : Motilal Banarasidass, 1975.

24. Mate, M. S. . *Temples and Legends of Maharashtra.* Bombay : Bharatiya Vidya Bhavan, 1962.

25. Mitra, Haridas. *Ganapati.* Calcutta : Visva-Bharati, January 1960.

26. Patnaik, Devdutt. *Thoughts on Ganesha* . Mumbai : Jaico Publishing House, 2014.

27. Rao, T. G. N. . *Elements of Hindu Iconography* (Vol. I - IV). Delhi : Motilal Banarasidass, 2017.

28. Thapan, Anita Raina. *Understanding Ganapati : Insights into the dynamics of a cult*. Delhi : Manohar Publishers, 1997.

29. Wilkins, W. J. . *Hindu Mythology, Vedic and Puranic*. Calcutta : Thacker, Spink & Co., Government Place, Illustrated, 1882.

30. Wilson, H. H. . *Sketch of the Religious Sects of the Hindus* (1832/1846). Calcutta : Bishop's College Press, M. D CCC. XLVI.

## সম্ভাব্য পত্র-পত্রিকা

### বাংলা

১। সুহৃদকুমার ভৌমিক , 'গণেশ : আদিবাসী সমাজে' , *লোকসংস্কৃতি গবেষণা পত্রিকা* , সনৎকুমার মিত্র (সম্পাদিত) , শ্রাবণ-আশ্বিন সংখ্যা , ১৪০৮।

### ইংরাজি

1. Hazra, R. C. . 'Ganapati-Worship, and the Upapuranas Dealing with it'. *The Journal of the Ganganatha Jha Research Institute* (Vol. V, Issue 4). Allahabad : Ganganath Jha Kendriya Sanskrit Vidyapeeth, 1948.

2. Hazra, R. C. . 'Ganesa-Purana'. *The Journal of the Ganganatha Jha Research Institute* (Vol. IX). Allahabad : Ganganath Jha Kendriya Sanskrit Vidyapeeth, 1951-52.

3. Michael, S. M. . 'The Origin of the Ganapati Cult'. *Asian Folklore Studies* (Vol. 42, No. 1). Nagoya (Japan) : Nanzan University, 1983.